



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে স্মরণ করিয়ে দিলেন যে বুকের দুধ বের করার জন্য সবেতন ব্রেক টাইম প্রদান করা আবশ্যিক করার আইন 19 জুন থেকে কার্যকর হবে

বুকের দুধ বের করার জন্য কর্মচারীদেরকে 30 মিনিট সবেতন ব্রেক টাইম প্রদান করা বিধিমালাটি চাকরিদাতাদের জন্য আবশ্যিক করে

এটি মা ও শিশুর স্বাস্থ্য উন্নত করতে এবং কর্মক্ষেত্রে পরিবারকে সমর্থন করার জন্য দেশের প্রথম সবেতন প্রাকপ্রসব ছুটির কর্মসূচিসহ গভর্নরের প্রতিশ্রুতির অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন বুকের দুধ বের করার জন্য কর্মচারীদেরকে 30 মিনিট সবেতন ব্রেক টাইম প্রদান করা চাকরিদাতাদের জন্য আবশ্যিক করা একটি নতুন আইন বুধবার থেকে কার্যকর হবে। কর্মচারীদের যখনই বুকের দুধ বের করার একটি যুক্তিসঙ্গত প্রয়োজন থাকবে তখন এই বাধ্যবাধকতা প্রয়োগ করা হবে এবং এটি সন্তান প্রসবের তিন বছর পর্যন্ত বিস্তৃত হবে।

"নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে কর্মজীবী পিতামাতাকে তাদের পরিবার বলীয়ান ও স্বাস্থ্যকর রাখতে প্রয়োজনীয় সুরক্ষা প্রদান করার জন্য আমি প্রতিদিন লড়াই করছি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের দেশসেরা প্রাকপ্রসব ছুটির কর্মসূচি থেকে শুরু করে স্তন্যপান করানো মায়েদের জন্য অতি প্রয়োজনীয় ব্রেক টাইম প্রদান করা চাকরিদাতাদের জন্য আবশ্যিক করা এই বিধিমালা পর্যন্ত, আমাদের স্টেট কর্মক্ষেত্রে পিতামাতাদের জন্য পদক্ষেপ গ্রহণ এবং মা ও শিশু স্বাস্থ্যকে সুরক্ষিত রাখা অব্যাহত রাখছে।"

কর্মক্ষেত্রে বুকের দুধ বের করা সংশ্লিষ্ট কর্মচারীদের অধিকার এবং চাকরিদাতাদের আবশ্যিকতা সম্পর্কে সার্বিক তথ্য নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের (New York State Department of Labor, NYSDOL) নিবেদিত সংস্থান [পেজে](#) উপলভ্য আছে।

নতুন আইনের অধীনে কর্মচারীরা ত্রিশ মিনিটের পরেও যেকোনো সময় বিদ্যমান সবেতন ব্রেক টাইম বা খাবারের সময়কেও ব্যবহার করতে পারবে। এটি পূর্বতন আবশ্যিকতা থেকে একটি উল্লেখযোগ্য স্থানান্তর, যেখানে চাকরিদাতাদের জন্য এই উদ্দেশ্যে শুধু যুক্তিসঙ্গত বেতনহীন ব্রেক টাইম প্রদান করা আবশ্যিক ছিলো।

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "এই বিধিমালাটি নিউ ইয়র্ক স্টেটের কর্মজীবী পিতামাতার জন্য একটি বড় বিজয়। বুকের দুধ বের করার জন্য সবেতন ব্রেক টাইম প্রদান করার মাধ্যমে আর্ম শুধু পিতামাতা এবং তাদের শিশুদের সমর্থন করছি না, বরং সেই সাথে পরিবারবান্ধব কর্মক্ষেত্রের নীতিমালার গুরুত্বকে পাকাপোক্ত করছি। সকল চাকরিদাতা যাতে এই নতুন মানদণ্ড মান্য করে এবং সকল কর্মচারী যাতে তাদের অধিকার সম্পর্কে জানতে পারে তা নিশ্চিত করতে শ্রম বিভাগ প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে।"

স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "বুকের দুধ বের করার জন্য সবেতন ব্রেক টাইম প্রদান করা কর্মজীবী পিতামাতা এবং পরিবারবান্ধব কাজের পরিবেশের জন্য আমাদের সমর্থন প্রদর্শন করে। স্তন/বুকের দুধে এমন পুষ্টি থাকে যা শিশুদের ভাইরাস ও ব্যাকটেরিয়া প্রতিরোধ করতে সাহায্য করে, তাদের প্রথম মাসগুলিতে এটি গুরুত্বপূর্ণ, এবং যেই শিশুরা স্তন্যপান বা বুকের দুধ পান করে তাদের অপেক্ষাকৃত কম ইনফেকশন ও অসুস্থতা হয়, যার ফলে পিতামাতাদের অপেক্ষাকৃত কম দিন কাজ থেকে ছুটি নিতে হয়। এই বিধিমালা বাস্তবায়ন করার জন্য এবং নিজেদের ব্যক্তিগত ও পেশাদার জীবনে ভারসাম্য আনতে নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার সংস্থান প্রদান করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

এই বিধিমালাটি কর্মক্ষেত্রে পরিবারকে সমর্থন করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী। অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে গভর্নর একটি চুক্তি নিশ্চিত করেন যা দেশের প্রথম প্রাকপ্রসব ছুটির কর্মসূচি স্থাপন করেন, যা প্রাকপ্রসব সেবা ও মেডিকেল ভিজিটের জন্য সন্তান প্রত্যাশী পিতামাতাকে অতিরিক্ত 20 ঘণ্টার সবেতন অসুস্থতার ছুটি প্রদান করে। এছাড়াও গভর্নর চাইল্ডকেয়ারের বিকল্প সম্প্রসারিত করেছেন এবং [চাইল্ডকেয়ার যোগ্যতার উপার্জন সীমাকে](#) ফেডারেল আইন দ্বারা অনুমোদিত সর্বোচ্চতে বৃদ্ধি করেছেন যার ফলে আরো 113,000টি পরিবার লাভবান হবে। পাশাপাশি, চার বছরের কম বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করার জন্য শিশু কর ক্রেডিটকে (Child Tax Credit) সম্প্রসারিত করা হয়েছে, যা 525,000 এর বেশি পরিবারকে এবং প্রায় 630,000 শিশুকে লাভবান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)